

🔳 আল-লাইল | Al-Lail | ٱللَّيْل

আয়াতঃ ৯২: ১২

💵 আরবি মূল আয়াত:



নিশ্চয় পথ প্রদর্শন করাই আমার দায়িত্ব। — আল-বায়ান সঠিক পথ দেখানো অবশ্যই আমারই কাজ — তাইসিরুল আমার কাজতো শুধু পথ নির্দেশ করা, — মুজিবুর রহমান

Indeed, [incumbent] upon Us is guidance. — Sahih International

- ১২. নিশ্চয় আমাদের কাজ শুধু পথনির্দেশ করা(১),
 - (১) অর্থাৎ হিদায়াত ও প্রদর্শিত সরল পথ প্রদর্শনের দায়িত্ব আল্লাহ তা'আলার। এ আয়াতের আরেকটি অর্থ হতে পারে, আর তা হলো, হেদায়াতপূর্ণ সরল পথ আল্লাহ তা'আলার সান্নিধ্যে পৌছে দেয়, যেমনিভাবে ভ্রম্টপথ জাহান্নামে পৌছে দেয়। পবিত্র কুরআনে অন্যত্র আল্লাহ বলেছেন, "আর সোজা পথ (দেখাবার দায়িত্ব) আল্লাহরই ওপর বার্তায় যখন বাঁকা পথও রয়েছে।" [সূরা আন-নাহল: ৯] [তাবারী, সা'দী]

তাফসীরে জাকারিয়া

১২। আমারই দায়িত্ব পথ প্রদর্শন করা। [1]

[1] অর্থাৎ, হালাল- হারাম, ভাল-মন্দ, হিদায়াত ও ভ্রষ্টতাকে বর্ণনা ও স্পষ্ট করা আমার দায়িত্ব। (যা আমি করে দিয়েছি।)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6070

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন